

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৯৬৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তাশাহুদ পড়া শেষ করবে, তাকে সালাম ফেরানোর আগেই চারটি জিনিস থেকে আশ্রয় চাওয়ার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْأَمْرِ بِالْإِسْتِعَاذَةِ بِاللَّهِ جَلَّ وَعَلَا مِنْ أَرْبَعَةِ أَشْيَاءَ مَعْلُومَةٍ لِمَنْ فَرَّغَ مِنْ تَشَهُّدِهِ قَبْلَ
السلام

আরবী

1964 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنُ سَلَمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنِي حَسَّانُ بْنُ عَطِيَّةٍ قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ أَبِي عَائِشَةَ قَالَ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا فَرَّغَ أَحَدُكُمْ مِنَ التَّشَهُّدِ الْآخِرِ فَلْيَتَعَوَّذْ بِاللَّهِ مِنْ أَرْبَعٍ: مِنْ عَذَابِ جَهَنَّمَ وَمِنْ عَذَابِ الْقَبْرِ وَمِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ وَمِنْ شَرِّ الْمَسِيحِ الدَّجَالِ) الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1964 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (903)

বাংলা

১৯৬৪. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ শেষ তাশাহুদ পড়া সম্পন্ন করবে, সে যেন আল্লাহর কাছে চারটি জিনিস থেকে আশ্রয় চায়: জাহান্নামের আযাব থেকে, কবরের আযাব থেকে, জীবন ও মৃত্যুর ফিতনা থেকে এবং মাসীহ আদ দাজ্জালের ফিতনা থেকে।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৯০৯; মুসনাদ আহমাদ: ২/২৩৭; আবু দাউদ: ৯৮৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৯৩; সহীহ মুসলিম: ৫৮৮; নাসাঈ: ৩/৫৮; দারেমী: ১/৩১০; ইবনুল জারুদ: ২০৭; আবু আওয়ানা: ২/২৩৫; বাইহাকী: ২/১৫৪; সহীহ ইবনু খুযাইমাহ: ৭২১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৯০৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91281>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন